## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে শ্রাবণ বুধবার ১৩৬৫ ইংরাজী 13th Aug. 1958 { ১৩শ সংখ্যা

২২শে শ্রাবণ ১৮৮০ শকাব্দ




হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

**আরতির**

## "রাণী রাসমণি"

**শাড়ী ও ধুতি কিনুন।**

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৮শে শ্রাবণ বুধবার সন ১৩৬৫ সাল।

## উৎসব ও উৎপাত

—০—

এবার স্বাধীনতা দিবসের একাদশ বর্ষীয় উৎসব এর দিন ১৫ই আগষ্ট যথারীতি সম্পন্ন হইবে বলিয়া সরকার ঘোষণা করিয়াছেন। তবে প্রথম বৎসরে ডোমিনিয়ন ষ্টেটাসকেই স্বাধীনতা বলিয়া যে ধূমধাম হইয়াছিল তাহা ক্রমশঃ কমিয়া আসিতেছে। অন্নাভাবে বস্ত্রাভাবে দেশের দৈন্য খুব মাথা চাড়া দিয়াছে। রাজপুরুষগণ হইতে আরম্ভ করিয়া সামান্য গৃহস্থ পর্য্যন্ত সকলেরই প্রাণের পুলক কমিয়া আসিয়াছে। দুর্নীতি দেশের মজ্জায় মজ্জায় প্রবেশ করিয়াছে। এদেশকে হাতী দাও, ওদেশকে হাতী দাও—এমন দানস্পৃহা আর নাই। কাজেই কৌলিক বজায় রাখা ছাড়া ঘটা তত হইবে না। বিশেষতঃ পাকীস্থানী সরিকরা সীমান্তে যে উৎপাত আরম্ভ করিয়াছে তাহার অহিংস জবাব প্রতিবাদ খুব জোর তীব্র প্রতিবাদ হইতেছে।

পশ্চিমবাংলা সরকারের আরও ভবানীপুরের উপনির্ব্বাচনে কি হয় কি হয় ভাবনাটা। এই উৎসবের সময় ট্রাম ধর্ম্মঘট সুরু হইল এটাও এক ভাবনা। স্বাধীনতা উৎসব শেষ হইবে কিন্তু ভবানীপুরের লড়াই ২৪শে আগষ্টের পরও চলিবে। উৎসব জমিবে না। তারপরও চিন্তা থাকিবে। শ্রীসুন্দরম্ ভোটারের নাম কর্ত্তন লইয়া যে কালি মাথাইয়া "সুন্দরম্ হইয়াও কুৎসিতম্" করিয়া গিয়াছেন। দেখা যাক কি হয়। কংগ্রেস প্রার্থী ব্রাহ্মণ তাঁর প্রতীক জোড়া বলদ। অপর পক্ষ যদি তাঁহাকে পরাজিত করেন, তিনি ব্রহ্মহত্যা ও গো-হত্যার পাতকী হইবেন ইহাতে সন্দেহ নাই।

——

## পরলোকে কবিরাজ সত্যব্রত সেন


—০—

গত ৩১শে জুলাই স্নানাদির পর আহ্নিক পূজার জন্য বসিয়াছেন, এমন সময়ে কবিরাজ মহাশয়, অচেতন হইয়া পড়েন। সঙ্গে সঙ্গে চিকিৎসকগণকে আহ্বান করা হয়। সকলেই "সেরিব্র্যাল থ্রম্বসিস" রোগ নির্ণয় করিয়া চিকিৎসা করিতে উপদেশ দেন। তৎক্ষণাৎ ঘরের মধ্যে ঠিক যেন হাসপাতালের মত নার্স আসিয়া ডাক্তার বাবুদের উপদেশ অনুসারে কার্য্য করিতে আরম্ভ করা হইল। বাড়ী লোকে লোকারণ্য কিন্তু কেহ কোন শব্দটি পর্য্যন্ত করে নাই। ৪ঠা আগষ্ট পর্য্যন্ত অচেতন অবস্থায় কাটিয়া ভোর রাত্রি ৪টা ২০ মিনিটের সময় তাঁহার কালিঘাট ৩৩ এল নম্বর বাড়ীতে শেষ নিশ্বাস ত্যাগ করিলেন। তাঁহার দুই পুত্র নির্ম্মল ( নারায়ণ ), মধুসূদন, পুত্রবধূদ্বয়, তিন পৌত্র ও স্বজনগণ তাঁহার নিকট উপস্থিত ছিলেন। কবিরাজ মহাশয়, পুত্র দুটির নাম রাখিয়াছিলেন নারায়ণ ও মধুসূদন। জ্যেষ্ঠ পৌত্রটিকে ভগবান বলিয়া ডাকিতেন। বলিতেন—মরণকালে ঈশ্বরের নাম করিবার শক্তি থাকে কি না থাকে রোজই নারায়ণ, মধুসূদন, ভগবান বলিয়া ডাকিয়া ঈশ্বরের নাম করিয়া রাখিব। তাঁহার অনুমান ঠিকই হইল।

কবিরাজ সত্যব্রত সেন ১৮৯২ খৃষ্টাব্দে বিখ্যাত সেন পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সি কে সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ-এর প্রতিষ্ঠাতা স্বর্গত চন্দ্রকিশোর সেনের পৌত্র। ১৯২৪ খৃষ্টাব্দে তিনি কলিকাতা করপোরেশনের কাউন্সিলার নির্ব্বাচিত হন এবং বহু বৎসর তিনি যোগ্যতা ও সুনামের সহিত করপোরেশনের বিভিন্ন সাব-কমিটির চেয়ারম্যান হিসাবে সাফল্য ও খ্যাতি অর্জ্জন করেন। দানশীল, সুমিষ্টভাষী, সুবক্তা ও বহুগুণের অধিকারিরূপে তাঁহার খ্যাতি ও জনপ্রিয়তা সর্ব্বজনবিদিত। অতি অল্প বয়স হইতে তিনি ভারতের জাতীয় মহাসভার সহিত ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন, তিনি ওয়ার্ড কংগ্রেসের সভাপতি, সেণ্ট্রাল কংগ্রেস কমিটির ভাইস-প্রেসিডেণ্ট, বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটির এক্সিকিউটিভ মেম্বার ও নিঃ ভাঃ কংগ্রেস কমিটির সদস্য ছিলেন। তিনি আয়ুর্ব্বেদ ষ্টেট ফ্যাকালটির ভাইস-প্রেসিডেণ্ট, অষ্টাঙ্গ আয়ুর্ব্বেদের ট্রাষ্টী, বহুবাজার রেফিউজের গবর্ণর, সেণ্ট্রাল সুইমিং ক্লাবের ট্রাষ্টী ও ভাইস-প্রেসিডেণ্ট, বেঙ্গল অলিম্পিক এসোসিয়েশনের এক্সিকিউটিভ মেম্বার, হিন্দু সৎকার সমিতির প্রতিষ্ঠাতা ও ট্রাষ্টী, হিন্দু পিলগ্রীম প্রোটেক্সান সোসাইটীর প্রতিষ্ঠাতা ও সেক্রেটারী, কলিকাতা রোটারি ক্লাবের সদস্য, মোহনবাগান ক্লাবের সদস্য ও এক্সিকিউটিভ মেম্বার বহুবাজার ব্যায়াম সমিতির সভ্য, লজের ম্যেসন, আর্ট থিয়েটারের ডাইরেক্টার, ভবানীপুর সঙ্গীত সম্মিলনীর এক্সিকিউটিভ মেম্বার ছিলেন। ইহা ছাড়াও তিনি সর্ব্বপ্রকার রাজনৈতিক ও সাংস্কৃতিক আন্দোলনের সহিত যুক্ত ছিলেন। তাঁহার মৃত্যু সংবাদ প্রচারিত হওয়ার সঙ্গে সঙ্গে তাঁহার সহিত যুক্ত প্রতিষ্ঠানগুলির তরফ হইতে পুষ্পস্তবক প্রেরিত হয় ও সহরের সকলস্তরের বিশিষ্ট ব্যক্তিদের তাঁহার গৃহে গিয়া শেষ শ্রদ্ধা অর্পণ করিতে দেখা যায়।


পরকে আপন করিতে শ্রীসেনের মত লোক আজকাল খুব কম দেখা যায়। হিন্দু সৎকার সমিতির প্রাণ শ্রীইন্দ্র বিদ [illegible]হাশয় তাঁহার সৎকর্ম্মের সহকর্ম্মী সত্যব্রত সেনের মৃত্যু সংবাদ পাইয়া তাঁহার সমিতির একখানি গাড়ী লইয়া উপস্থিত ছিলেন। তিনি অনুমান করিয়াছিলেন—যে সব প্রতিষ্ঠান হইতে পুষ্পস্তবক ও মাল্যাদি অর্পিত হইবে শব-বাহকগণের পক্ষে সে সমস্ত সহিত বহন করা একটু কষ্টকর হইবে। সেইজন্য অর্পিত পুষ্প মাল্যাদির অধিকাংশ হিন্দু সৎকার সমিতির গাড়ীতে বহন করিয়া কেওড়াতলা শ্মশান পর্য্যন্ত লইয়া যাওয়া হইয়াছিল। তাঁহার জ্যেষ্ঠ পুত্র নির্ম্মল ( নারায়ণ ) তাঁহার শেষকৃত্য সমাপন করেন। যত লোক তাঁহার শবদেহ বহন ও তাহার অনুগমন করিয়াছিলেন, এক কলসী করিয়া গঙ্গাজল দাহনের পর চিতায় দেওয়ায় চিতার কয়লা সব পরিষ্কার হইয়া গিয়াছিল। কবিরাজ মহাশয়ের পুত্রদ্বয় অজাতশত্রু বলিলে অত্যুক্তি হয় না। জ্যেষ্ঠ কবিরাজী পাশ

[ অবশিষ্টাংশ ৫ম পৃষ্ঠায় দেখুন।



# দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায়

## সর্বাঙ্গীণ অগ্রগতির পথে




দ্বিতীয় পঞ্চবার্বিক-পরিকল্পনার কাজ চলেছে। ভারতের অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গও এগিয়ে চলেছে সংগঠনমূলক বিভিন্ন কাজে, ভবিষ্যৎ সমৃদ্ধির আশা নিয়ে। এই পরিকল্পনায় ১৫৭·৬৭ কোটি টাকা খরচ ক'রে গ'ড়ে উঠবে ২,৭০৪টি বুনিয়াদী ও অন্যান্য শ্রেণীর বিদ্যালয়, ৩৩০টি নতুন স্বাস্থ্যকেন্দ্র, বিভিন্ন হাসপাতালে সংযোজিত হবে ৪,০০০-এর বেশি অতিরিক্ত শয্যা, আর সেই সঙ্গে গ্রামাঞ্চলে পাওয়া যাবে ১৬০০০ নতুন জল-সরবরাহের উৎস। তাছাড়া, ৩,৬০০ মাইল অতিরিক্ত রাস্তা, আর ৮০০ মাইল নতুন বিদ্যুৎ-সরবরাহ লাইন গ'ড়ে তোলা হবে; অতিরিক্ত ১৮·৩৪ লক্ষ একর জমিতে হবে সেচের ব্যবস্থা।

শিল্পের ক্ষেত্রে, আগামী অক্টোবর মাসের মধ্যেই ১৫·৪৫ কোটি টাকার দুর্গাপুর কোক্-চুল্লিতে উৎপাদন শুরু হবে আশা করা যায়। তাছাড়া, বহুবিধ ক্ষুদ্রশিল্প ও কুটীরশিল্পের মাধ্যমেও গড়ে উঠছে দেশের নতুন শিল্পসম্পদ। কৃষি-ব্যবস্থার উন্নতির জন্য উন্নতজাতের শস্যবীজ যেমন সরবরাহ করা হচ্ছে, তেমনি সরবরাহ করা হচ্ছে অধিক পরিমাণ সার। তাছাড়া, বিজ্ঞানসম্মত উপায়ে শস্য-সংরক্ষণের ব্যবস্থাও করা হচ্ছে। রাজ্যের অনগ্রসর সম্প্রদায়ের কল্যাণবিধানের জন্যও ব্যয়-বরাদ্দ করা হয়েছে ১৮৩·৭১ লক্ষ টাকা।

আগষ্ট ১৯৫৮

এই পরিকল্পনা সম্পূর্ণ সার্থক ক'রে তোলার কাজে আজ সবচেয়ে প্রয়োজন সকলের সম্মিলিত উদ্যম ও সহযোগিতা।





পশ্চিমবঙ্গ সরকার

## রাজ্যপালের বাণী

এই সপ্তাহের গোড়ায় আমি ডিগরিতে যক্ষ্মা স্যানাটোরিয়ামের নিকটে "ডক্টর হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় স্মৃতি যক্ষ্মা আরোগ্যোত্তর উপনিবেশ"—এর প্রথম ইউনিটের ভিত্তি প্রস্তর স্থাপন করিতে পারিয়া আনন্দিত হইয়াছি; এই উপনিবেশে যক্ষ্মা-ব্যাধিমুক্ত ৫০ জন রোগীকে বাসস্থান ও শিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হইবে। আমি আশা করিতেছি কয়েক মাসের মধ্যে ৭,৪০ লক্ষ টাকা ব্যয়ে প্রথম ইউনিটির নির্ম্মাণকার্য্য সমাপ্ত হইলেই আমরা যক্ষ্মা আরোগ্যোত্তর উপনিবেশের দ্বিতীয় ইউনিটটির নির্ম্মাণকার্য্য আরম্ভ করিতে পারিব। ১৫০ জন যক্ষ্মারোগী ও তাঁহাদের পরিবারবর্গকে বাসস্থান ও শিক্ষণ প্রদানের উদ্দেশ্যে সর্ব্বসমেত তিনটি এইরূপ ইউনিট স্থাপনের প্রস্তাব করা হইয়াছে। "ডক্টর হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় স্মৃতি যক্ষ্মা আরোগ্যোত্তর উপনিবেশ"—এর সমগ্র পরিকল্পনাটি সম্পূর্ণরূপে রূপায়িত হইলে মোট ব্যয় হইবে আনুমানিক ২৫ লক্ষ টাকা। উপনিবেশের পরিপোষণার্থে অতিরিক্ত যন্ত্রপাতি বা সাজসরঞ্জাম যাহা কিছু প্রয়োজন হইবে তাহা ক্রয়ের ব্যয় বাবদ পশ্চিমবঙ্গ সরকার ১০ লক্ষ টাকা অনুদান দেওয়ার প্রস্তাব করিয়াছেন এবং জনসাধারণের নিকট হইতে ইতোমধ্যেই ৮½ লক্ষ টাকা সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট ৬½ লক্ষ টাকা এখনও সংগ্রহ করিতে হইবে। ৭ই আগষ্ট শুধু মিষ্ট বাক্য ও আবেগ দ্বারা ডক্টর হরেন্দ্রকুমার মুখোপাধ্যায়ের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন না করিয়া এই রাজ্যের অধিবাসীদের সেবায় তাঁহার আন্তরিক ও নিঃস্বার্থ আত্মোৎসর্গের কার্য্যকরী উপলব্ধির দ্বারা শ্রদ্ধা প্রদর্শনের জন্য আমি পশ্চিমবঙ্গের জনসাধারণের নিকট আবেদন জানাইতেছি। এই স্মারক-প্রতিষ্ঠানের জন্য অর্থ দান করিলে কেবল ডক্টর মুখোপাধ্যায়ের প্রতি সম্মান দেখানো হইবে না, পরন্তু যক্ষ্মার ক্রমবর্দ্ধমান প্রকোপের ফলে বিপদগ্রস্ত পশ্চিমবঙ্গের জনসাধারণের এক জরুরী প্রয়োজন মিটাইতেও সহায়তা করা হইবে। "আরোগ্যোত্তর উপনিবেশ তহবিলের" উদ্দেশে প্রেরিত দান সমূহ রাইটার্স বিল্ডিং-স্থিত পশ্চিমবঙ্গের স্বাস্থ্য কৃত্যক অধিকর্ত্তা (পদাধিকারবলে সমিতির সেক্রেটারী) কর্ত্তৃক, রাজভবন-স্থিত রাজ্যপালের সচিব কর্ত্তৃক কৃতজ্ঞতা সহকারে গৃহীত হইবে।

স্বাঃ—পদ্মজা নাইডু
পশ্চিমবঙ্গের রাজ্যপাল

---

## পতিতা নারী সম্মেলন

### বৃত্তি উচ্ছেদের পূর্ব্বে বাঁচার ব্যবস্থা দাবি

কলিকাতা, ২৮শে জুলাই—সম্মিলিত নারী সমিতির উদ্যোগে আজ প্রেমচাঁদ বড়াল ষ্ট্রীটে পশ্চিমবঙ্গ পতিতা নারী সম্মেলন হয় কলিকাতায় কালীঘাট চেতলা, ও আসানসোল, বর্দ্ধমান, বাউরিয়া, উলুবেড়িয়া, নৈহাটি, রাণাঘাট, হাওড়া প্রভৃতি স্থান হইতে প্রতিনিধিগণ এই সম্মেলনে যোগ দেন। শ্রীনিতাইচাঁদ বড়াল সভাপতিত্ব করেন। সম্মেলনে গৃহীত একটি প্রস্তাবে বলা হয় যে বিগত ১লা মে (৫৮) তারিখ হইতে সরকার পতিতাবৃত্তি উচ্ছেদ আইন জারী করিয়াছেন। ইহার প্রতিবিধানকল্পে ২১ দফা প্রার্থনাসহ মোট নয় দফা জরুরী প্রস্তাব বিগত ১২ই মে '৫৮ তারিখে ডাঃ প্রতাপচন্দ্র চন্দ্র মহাশয়ের নেতৃত্বে সমিতি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের নিকট পেশ করিয়াছিলেন। তখন মুখ্যমন্ত্রী ডাঃ রায় কেন্দ্রীয় পতিতাবৃত্তি উচ্ছেদ আইন তিন মাসের জন্য সারা পশ্চিমবঙ্গে প্রয়োগ স্থগিত রাখিয়া যে উপদেশগুলি সম্মিলিত নারী সমিতির প্রতিনিধিবর্গকে দিয়াছিলেন তাহা কার্য্যে পরিণত করিবার জন্য এই সম্মেলন আহ্বান করা হইয়াছে। প্রস্তাবে বলা হয় যে, পতিতাবৃত্তি উচ্ছেদের পূর্ব্বে কার্য্যকরী প্রস্তুতি অথবা স্থায়ী ব্যবস্থাদি অবলম্বন করিতে হইলে নিম্নলিখিত বিষয়ে কেন্দ্রীয় ও রাজ্যসরকারের যৌথ সহানুভূতি ও সাহায্য প্রয়োজন :—

পতিতাদের সঠিক সংখ্যা ও পরিবারবর্গসহ মোট লোকসংখ্যা নির্ণয়ের জন্য মুদ্রিত ফরমে পতিতাদের জীবনী ও তথ্য সংগ্রহ করা। অর্থনৈতিক জীবনযাত্রার আমূল পরিবর্ত্তনের জন্য স্বেচ্ছামূলক সম্মানীয় বৃত্তি সম্পর্কে ও চরিত্র উন্নয়নের জন্য উৎসাহিত করা। প্রতিটি এলাকায় অন্ততঃ একটি করিয়া বয়স্ক পতিতা মহিলা আক্ষরিক শিক্ষণকেন্দ্র সহ হস্তশিল্প-শিক্ষাকেন্দ্র স্থাপন করা। সম্মেলনে শ্রীনিতাইচাঁদ বড়াল, শ্রীমতী লক্ষ্মীমনি দাসী, শ্রীমতী ব্রজবালা দাসী, শ্রীমতী প্রভারাণী দে, শ্রীকানাইলাল গুণিন, শ্রীশীতলচন্দ্র বেরা, শ্রীমতী কালিবালা দাসী, শ্রীমতী প্রতিমাবালা দাসী (কালিঘাট) শ্রীতারকনাথ মল্লিক বিভিন্ন প্রস্তার উত্থাপন, সমর্থন ও বক্তৃতা করেন।

---

## টেষ্ট রিলিফ কার্য্যের জন্য মজুরী নূতন তপশীল ঘোষণা

১৯৫৮ সালের ২৭শে জুনের প্রেসনোটে প্রকাশিত টেষ্ট রিলিফ কার্য্যের মজুরীর হার পশ্চিমবঙ্গ সরকার আরও সংশোধন করিয়াছেন এবং নিম্ন হার অনুযায়ী এখন হইতে টেষ্ট রিলিফ কর্ম্মীদের মজুরী দেওয়া হইবে বলিয়া নির্দ্দেশ দিয়াছেন :—

(ক) যাহাতে শ্রমজীবিগণকে অন্যান্য ক্ষেত্র হইতে আকর্ষণ করা না হয় এমনভাবে হার নিয়ন্ত্রণের অনুবর্ত্তকনীতিতে সংশ্লিষ্ট জেলা আধিকারিকগণ সর্ব্বাপেক্ষা উচ্চতম ১ টাকা ৫০ নয়া পয়সা হইতে সর্ব্বাপেক্ষা নিম্নতম ১ টাকার মধ্যে যে হার নির্দ্দিষ্ট করিবেন সেই হারে সপ্তাহে তিনদিন নগদ মূল্যে বেতন দেওয়া হইবে।

(খ) জেলায় সপ্তাহের বাকি যে কয়দিন টেষ্ট রিলিফের কাজ হইবে সেই কয়দিন মাথাপিছু দৈনিক আড়াই সের হিসাবে গম বা আটা

(গ) গম ভাঙ্গাইবার খরচ এবং অন্যান্য খরচ বাবদ সপ্তাহে মাথাপিছু আরো ২৫ নয়া পয়সা।

কখনো সপ্তাহে তিনদিন নগদ টাকায় বেতন দিবার মত অর্থ সংগে সংগে পাওয়া সম্ভব না হইলে কাজ বন্ধ না করিয়া জিনিষপত্রে মজুরী দিয়া কাজ চালাইতে জেলা আধিকারিকগণকে নির্দ্দেশ দেওয়া হইয়াছে। অনুরূপভাবে জিনিষপত্রে মজুরি দিবার জন্য কখনো খাদ্যদ্রব্য পাওয়া না গেলে কোন কারণেই কাজ বন্ধ না করিয়া খাদ্যদ্রব্য না আসা পর্য্যন্ত সম্পূর্ণ মজুরি নগদ টাকায় দিয়া কাজ চালাইতে হইবে। —প্রেসনোট

---

( ২য় পৃষ্ঠার ৩য় কলমের জের )

করিয়া তাঁহাদের সি, কে, সেন কোম্পানিতে কর্ম্ম গ্রহণ করিয়াছেন। কনিষ্ঠ মধুসূদন এম, এস, সি, তিনিও উক্ত লিমিটেড কোম্পানির অন্যতম ডিরেক্টর। তাঁহাদের পিতৃবিয়োগে সান্ত্বনার ভাষা আমাদের না থাকিলেও আমরা তাঁহাদের স্মরণ করাইয়া দিই—তাঁহাদের মাতৃদেবী আগেই স্বর্গারোহণ করায় পুত্রের পক্ষে মায়ের বৈধব্য বেশ দেখিতে হইল না ইহাও ভাগ্যহীনের সৌভাগ্য বলিতে হইবে।

---

## স্বাধীনতা দিবসের কার্য্যসূচী

অন্যান্য বৎসরের ন্যায় এবৎসরও আগামী ১৫ই আগষ্ট ১৯৫৮ সাল, শুক্রবার স্বাধীনতা দিবসরূপে প্রতিপালিত হইবে। ঐ দিন সাধারণ ছুটির দিন-রূপে গণ্য হইবে। ঐ দিন সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত সরকারী ও বেসরকারী সমস্ত গৃহশীর্ষে জাতীয় পতাকা উত্তোলন করা চলিবে। ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট মহোদয়গণ ইউনিয়ন বোর্ড অফিস সমূহে যথাযথভাবে জাতীয় পতাকা উত্তোলন করিতে অনুরুদ্ধ হইয়াছেন। বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ মহোদয়গণ সম্ভবপর হইলে নানাবিধ উৎসবাদির সঙ্গে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত গান করার ব্যবস্থা করার জন্যও অনুরুদ্ধ হইয়াছেন। —জেলা প্রচার দপ্তর

---

## বন্যায় ক্ষতি

বন্যার জল বৃদ্ধির ফলে জঙ্গিপুর মহকুমার বহু স্থানের ভাদুই ধান ও পাট ডুবিয়া গিয়াছে। এবার সময়ে বৃষ্টি না হওয়ায় ধান ও পাট বুনিতে বিলম্ব হওয়ার জন্য ধান ও পাট গাছ ছোট হইয়া আছে।

---

## চৌকিদারগণ বেতন পায় নাই

রঘুনাথগঞ্জ থানার ৪নং দফরপুর ইউনিয়নের চৌকিদারগণ তিন মাস বেতন পায় নাই বলিয়া প্রকাশ। বেতন না পাওয়ার কারণ কি? এ বিষয়ে কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

---

# ১৫ই আগষ্টের মহান্ জাতক

স্থ—মো—দে

অগ্নিযুগের বীর বাংলার
বিপ্লবীদের নেতা-গুরু তুমি,
তোমার মহান্ পুণ্যজন্মে
ধন্য বাংলা এ ভারতভুমি।

বাংলার ঋষি রাজনারায়ণ
তোমার অমর মাতামহ হন,
ফাঁসির দধীচি সত্যেন বসু—
মাতুল তোমার জানি মোরা সবে.
বোমারু-বারীন ছোট ভাই তব
বিখ্যাত তারা কীর্ত্তি গরবে।

জীবের মুক্তি মোক্ষ কামনা
শান্তি সত্য ঐশী সাধনা—
উপলব্ধিলে মহাবাণী দিলে
মানব জাতির কল্যাণ তরে,
তোমার প্রজ্ঞা জ্ঞান প্রণোদনা
স্মরিতেছে জাতি মাথা নত করে।

হে তপঃসিদ্ধ শ্রীঅরবিন্দ
জীবনের গান গাহি অবিরাম,
মহাপ্রাণ ঋষি সুধী ও মনীষি
চরণ কমলে আভূমি প্রণাম।

---

# সরকারী বিজ্ঞপ্তি

লালবাগ আখেরিগঞ্জ রুটে যাত্রিবাহী গাড়ীর একটি স্থায়ী রুটের পারমিটের জন্য নির্দ্দিষ্ট ফর্মে ( অফিস হইতে পাওয়া যাইবে ) দরখাস্ত আহ্বান করা যাইতেছে। মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারীর সচিবের নিকট দরখাস্ত প্রেরণ করিবার শেষ দিন ১৯৫৮ সালের ৩০শে আগষ্ট ( বেলা ১টা পর্য্যন্ত ) শ্রী বি, কে, ব্যানার্জী, সচিব, আঞ্চলিক পরিবহন, মুর্শিদাবাদ।

---

## রেডক্রশের বাটার অয়েল বিলির নমুনা

জঙ্গিপুর মহকুমার রঘুনাথগঞ্জ থানার দফরপুর ইউনিয়নের দফরপুর গ্রামের আহেসান খাঁর কন্যাকে ক্ষেপা শিয়ালে কামড়ায়, সে তার কন্যার পথ্যের জন্য কিছু বাটার অয়েল প্রাপ্তির আশায় রেডক্রশের সম্পাদক মহাশয়ের নিকট যথারীতি দরখাস্ত করে।

ইউনিয়ন বোর্ডের সভ্য ও জঙ্গিপুর ফৌজদারী আদালতের অন্যতম মোক্তার শ্রীকাশেম আহম্মদ উক্ত দরখাস্তে লিখেন :—

The applicant is very poor. The fact is true. He deserves help. Forwarded for favourable consideration.

Sd/- Quashem Ahmed.
Member, Daffarpur U. B.
7. 7. 58

জঙ্গিপুর মহকুমা রেডক্রশের সেক্রেটারী জঙ্গিপুর বারের অন্যতম উকিল শ্রীঝড়ুলাল দাস উক্ত দরখাস্তে লিখেন :—

P. U. B. Daffarpur,

Dear sir, 4 cases of butter oil have been allotted to you. Kindly treat this petition as urgent and make some allotment to the applicant out of the said quota.

Sd/- Jharulal Das.
Secretary R. C. Jangipur
8. 7. 58

দফরপুর ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট শ্রীমহেশ-নারায়ণ দাস লিখিলেন—

Butter oil is not in my stock. Please supply it from anywhere.

Sd/- Mahesh Narain Das
P. U. B, Daffarpur
8. 7. 58

আহেশান খাঁর দফরপুর হইতে রঘুনাথগঞ্জ এবং রঘুনাথগঞ্জ হইতে ৪ মাইল দূরবর্ত্তী রাজানগর গ্রাম ( পি, ইউ, বি, র অফিস ) ঘোরাঘুরি করাই সার হইল। তাহার কন্যার পথ্যের জন্য ‘বাটার অয়েল’ মিলিল না।

---




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৭

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত